**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)**
**প্রাণিসম্পদ অধিদপ্তর (ডিএলএস)**
**কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫**
http//: lddp.portal.gov.bd

# দুগ্ধ প্রক্রিয়াজাতকরণে নিয়োজিত বড় আকারের প্রতিষ্ঠানকে দুগ্ধজাত পণ্য বহুমূখীকরণ (Milk Product Diversification) ও বাজারজাতকরণে সরকারি অনুদানের বিজ্ঞপ্তি

**আবেদনের শেষ তারিখ: জানুয়ারি ০৫, ২০২৩খ্রি.**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রাণিসম্পদ অধিদপ্তর দেশের প্রাণিসম্পদ খাতের সার্বিক উন্নয়নের লক্ষ্যে বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় "প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)" বাস্তবায়ন করছে। প্রকল্পটি সরকারি-বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে আধুনিক যন্ত্রপাতি ও বিশ্বমানের প্রযুক্তি ব্যবহার করে উন্নতমানের দুগ্ধজাত পণ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের উদ্যোগ গ্রহণ করেছে। এ লক্ষ্যে ১০টি (দশ) বড় আকারের প্রতিষ্ঠান/ দুগ্ধজাত পণ্য উৎপাদনকারীদের সাথে অংশীদারিত্ব প্রতিষ্ঠার লক্ষ্যে মাধ্যমে ম্যাচিং গ্রান্টের আওতায় অনুদান প্রদান করা হবে। পার্বত্য অঞ্চলের তিনটি জেলা ব্যতীত দেশের ৬১টি জেলায় মোট ১০টি (দশ) দুগ্ধ প্রক্রিয়াজাতকরণের বড় আকরের প্রতিষ্ঠানকে দুগ্ধজাত পণ্য বহুমূখীকরণ (চীজ, ইয়োগার্ট ইত্যাদি) প্রযুক্তি সম্প্রসারণে এ সহায়তা প্রদান করা হবে।

এ লক্ষ্যে দুগ্ধ প্রক্রিয়াজাতকরণে আগ্রহী বড় আকারের প্রতিষ্ঠানের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্র দুইটি ধাপে মূল্যায়ন করা হবে। প্রথম ধাপে নির্ধারিত মানদন্ডের ভিত্তিতে প্রাপ্ত আবেদনপত্রসমূহ মূল্যায়নের ভিত্তিতে প্রাথমিকভাবে নির্বাচিত উদ্যোক্তাদের তথ্যাদি মাঠ পর্যায়ে সরেজমিনে যাচাই-বাছাই পূর্বক চূড়ান্ত সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হবে। দ্বিতীয় ধাপে সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রতিষ্ঠানকে ব্যবসা পরিকল্পনা প্রণয়নে প্রশিক্ষণ দেয়া হবে এবং ব্যবসা পরিকল্পনা দাখিলের জন্য আহ্বান জানানো হবে। উক্ত প্রস্তাবের কলা-কৌশল ও যথার্থতা বিবেচনা করে চূড়ান্ত তালিকা প্রণয়ন করা হবে। নির্বাচিত প্রতিষ্ঠানকে প্রস্তাবিত মোট বাজেটের সর্বোচ্চ পঞ্চাশ ভাগ (৫০%) অর্থ অনধিক ৮৩ লক্ষ টাকা (তিরাশি লক্ষ টাকা) প্রকল্প থেকে অনুদান প্রদান করা হবে এবং অবশিষ্ট অর্থ উদ্যোক্তাকে বহন করতে হবে।

## আবেদনকারীর যোগ্যতা:

১. আবেদনকারীকে বাংলাদেশী নাগরিক হতে হবে;
২. আবেদনকারীর ব্যবসা দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ সংক্রান্ত হতে হবে এবং এ উৎপাদন কার্যক্রম প্রকল্পের আওতাভুক্ত এলাকায় অবস্থিত হতে হবে;
৩. আবেদনকারীকে দুগ্ধ প্রক্রিয়াজাতকরণে ও দুগ্ধজাত পণ্য বহুমূখীকরণে (চীজ,ইয়োগার্ট ইত্যাদি) নূন্যতম ০১ (এক) বছররে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;
৪. আবেদনকারীকে বৈধ ট্রেড লাইসেন্স ও টিআইএন (TIN) সার্টিফিকেট দাখিল করতে হবে;
৫. আবেদনপত্রে প্রস্তাবতি মোট বাজটের কমপক্ষে শতকরা পঞ্চাশ ভাগ (৫০%) অর্থ আবেদনকারীকে বহন করতে হবে;
৬. আবেদনকারীকে বেসরকারি উদ্যোক্তা হতে হবে। পাবলিক লিমিটেড কোম্পানি এবং স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানি আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবে না; এবং
৭. ম্যাচিং গ্রান্ট প্রাপ্তির জন্য মহিলা উদ্যোক্তাদের বিশেষেভাবে উৎসাহিত করা হবে।

আগ্রহী বড় আকারের দুগ্ধ প্রক্রিয়াজাতকরণে নিয়োজিত উদ্যোক্তাদেরকে আগামী জানুয়ারি ০৫, ২০২৩খ্রি. তারিখের মধ্যে এলডিডিপি'র নির্ধারিত ফরমে আবেদনপত্র নিম্নোক্ত ঠিকানায় জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। আবেদনের ফরম এবং বিস্তারিত শর্তাবলী প্রকল্পের পোর্টাল http://lddp.portal.gov.bd, প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েবসাইট www.dls.gov.bd, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ওয়েবসাইট http://mofl.gov.bd এবং প্রকল্প পরিচালকের দপ্তরে পাওয়া যাবে।

**মোঃ আব্দুর রহিম**
প্রকল্প পরিচালক (যুগ্ম- সচিব)
প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প
ফোন: ০২-৫৮১৫৪৯১৩
ইমেইল: lddp@dls.gov.bd

প্রাণিসম্পদ ভবন-২ (৭ম তলা)
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক
ফার্মগেট, ঢাকা-১২১৫